

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ২ মাসের পরিবর্তে ৪ মাস করণ এবং
কারিকুলাম প্রণয়ন সংক্রান্ত গত ১৪/০৬/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	বাসুদেব গাঙ্গুলী অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়ঃ	:	১৪-০৬-২০১৬ খ্রিঃ, বেলা ১১-০০ ঘটিকা।
সভার স্থান	:	মন্ত্রণালয়ের মিনি কনফারেন্স রুম।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা সংযুক্ত (পতাকা-‘ক’)।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনা করে সভাকে জানান যে, বুনিয়াদি প্রশিক্ষণ (Foundation Training) শুধুমাত্র ক্যাডার সংশ্লিষ্ট বিষয় নয়, বরং তার সারা জীবনের বুনিয়াদ। কেননা একজন চিকিৎসককে জীবনের কোন না কোন পর্যায়ে প্রশাসনিক পদে কাজ করতে হয়। যদিও চিকিৎসদের একটি বড় অংশ চলে যায় চিকিৎসা ও শিক্ষা কাজে মেডিকেল কলেজ ও হাসপাতালে এবং ওখানেও প্রশাসনিক কাজ থাকে। সভাপতি বলেন, সচিব কমিটির সভায় গত ০৭/০৪/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী প্রয়োজনীয়তার নিরিখে বুনিয়াদি প্রশিক্ষণসহ সকল প্রশিক্ষণের মেয়াদ বাড়ানোর নির্দেশনা প্রদান করেছেন। এ পরিপ্রেক্ষিতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের মেয়াদ ২ মাসের স্থলে ৪ মাস করার একটি প্রস্তাব এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ২২/১০/২০১৪ তারিখে অনুমোদিত হয়। এ আলোকে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণের মেয়াদ ২ মাসের স্থলে ৪ মাসে বৃদ্ধির জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়।

২। সভায় অংশগ্রহণ করে ড. কাজী আনোয়ারুল হক, পরিচালক (প্রশাসন), বিয়াম সভাকে জানান যে বাস্তব প্রয়োজন বিবেচনায় স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ ৪ মাসে উন্নীত করা দরকার। তিনি প্রশিক্ষণার্থীদের জন্য নির্ধারিত প্রতিদিনকার খাবার খরচ বাবদ ৩৫০/- টাকা আছে যা বাস্তব প্রয়োজনের তুলনায় নগন্য। সুতরাং এক্ষেত্রে বাজেট বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

৩। সভায় অংশগ্রহণকারী অন্যান্য প্রতিষ্ঠানের সদস্যগণ জানান তাঁরা ৪ মাসের বুনিয়াদি প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তুত আছেন। তবে BPATC প্রণীত কারিকুলামের কিছু কিছু অংশ পরিবর্তন-পরিবর্ধন/ সংযোজন-বিয়োজন প্রয়োজন, যা দ্বারা চিকিৎসকদের প্রশিক্ষণটি বাস্তবধর্মী হতে পারে।

৪। প্রাসঙ্গিক বিষয়াদির উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশসমূহ গৃহীত হয়ঃ

- (১) পরবর্তী অর্থ বছর হতে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের বুনিয়াদি প্রশিক্ষণের মেয়াদ ৪ মাস করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উহা পরবর্তী সেশন (জুলাই/২০১৬) হতে কার্যকর হবে।
- (২) কারিকুলাম সংযোজন / বিয়োজনের বিষয়ে আগামী ২১/০৬/২০১৬ তারিখ একটি বর্ষিত সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।

স্বাঃ/-

তারিখ- ১৯/০৬/২০১৬


(বাসুদেব গাঙ্গুলী)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম), ঢাকা।
- ৬। পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম), বগুড়া।
- ৭। পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম), কক্সবাজার।
- ৮। মহা-পরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, নীলক্ষেত্র, ঢাকা (দৃঃআঃ- পরিচালক, প্রশিক্ষণ)।
- ৯। পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
- ১০। পরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী (আর ডি এ), বগুড়া।
- ১১। মহাপরিচালক, টেলিযোগাযোগ স্টাফ কলেজ, গাজীপুর।
- ১২। যুগ্ম-পরিচালক, শিশু মাতৃ স্বাস্থ্য ইনস্টিটিউট, মাতুয়াইল, ঢাকা।
- ১৩। উপ-পরিচালক (চিকিৎসা শিক্ষা/মেডিকেল এডুকেশন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



(নুরুনহার)

উপসচিব (পার-২)

ফোনঃ ৯৫৪০৪৪৮

dsper2@mohfw.gov.bd